



বাংলাদেশ দূতাবাস

ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং: ১৩৫

বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে যথাযোগ্য মর্যাদায় 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস পালন

ব্যাংকক, ৭ মার্চ ২০২৩

বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক আজ যথাযোগ্য মর্যাদায় 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস পালন করে। অনুষ্ঠানের শুরুতে মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: আব্দুল হাই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন যথাক্রমে দূতাবাসের (মিনিস্টার) রাজনৈতিক ও মিশন উপ-প্রধান মিজ মালেকা পারভীন, এনডিসি এবং মিনিস্টার (কনস্যুলার) জনাব হাসনাত আহমেদ। অনুষ্ঠানে দিবসটির উপর নির্মিত একটি ভিডিও চিত্র প্রদর্শন করা হয়।

আলোচনা পর্বে দূতাবাসের ইকনোমিক মিনিস্টার জনাব সৈয়দ রাশেদুল হোসেন এবং কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্বার অধিকারী বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চ এর ভাষণের বিভিন্ন দিক নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। জনাব নির্বার অধিকারী তাঁর বক্তব্যে ইউনেস্কো কর্তৃক ৭ই মার্চের ভাষণকে "ডকুমেন্টারি হেরিটেজ" (বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য) হিসেবে স্থাকৃতি দেয়ার প্রেক্ষাপট তুলে ধরেন। এছাড়া জনাব সৈয়দ রাশেদুল হোসেন ১৯৭১ সালের ৫ এপ্রিল তারিখে মার্কিন নিউজিল্যান্ডে ম্যাগাজিন কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে প্রকাশিত নিবন্ধটির বিভিন্ন দিক উপস্থিত শ্রোতামন্ডলীর নিকট তুলে ধরেন, যেখানে বঙ্গবন্ধুকে 'পয়েট অব পলিটিক্স' অভিধায় ভূষিত করা হয়েছিল। তিনি আরোও বলেন, বঙ্গবন্ধুর ঐতিহাসিক এ ভাষণের ওপর আরো বুদ্ধিভিত্তিক আলোচনার সুযোগ রয়েছে এবং ভাষণটি ভবিষ্যতে দেশের নানাবিধ কর্মপরিকল্পনা প্রণয়নে আলোকবর্তিকা হিসেবে কাজ করবে।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: আব্দুল হাই তাঁর বক্তব্যের শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শহিদ বীর মুক্তিযোদ্ধা এবং ১৯৭৫ এর ১৫ই আগস্ট এ শাহাদত বরণকারী বঙ্গবন্ধুর পরিবারের শহিদদের স্মৃতির প্রতি গভীর শুঁকা জ্ঞাপন করেন এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে ঐতিহাসিক ৭ই মার্চ এর ভাষণের প্রেক্ষাপট, বিশেষত ১৯৭০ সালের নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসনে আওয়ামী সীগের জয়লাভ, পাকিস্তানি শাসকগোষ্ঠীর ক্ষমতা হস্তান্তরে অনিহা, ইত্যাদি নানা বিষয়ে আলোকপাত করেন। এছাড়া, তিনি ভাষণটির অন্তর্নিহিত গুরুত, ভাষণে বঙ্গবন্ধুর রাজনৈতিক দূরদর্শিতা, দর্শন ইত্যাদি বিষয় তুলে ধরেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দূতাবাসের কাউন্সেলর এবং দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান।

